দৈনিক [illegible]

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# গণউন্নয়ন গ্রন্থাগারের আরও বিস্তার লাভ

**ধানমণ্ডি সংবাদদাতা ॥** গণউন্নয়ন গ্রন্থাগারের উন্নয়ন কাজ বিস্তৃত হয়েছে দেশের প্রায় সকল জেলা-উপজেলায়। ইউনিসেফ, বিশ্বব্যাংক, সুইজারল্যান্ড, জার্মানি ও বাংলাদেশের বিভিন্ন সংস্থার সহায়তায় এই গণউন্নয়ন গ্রন্থগার বর্তমান পর্যায়ে এসে পৌছেছে। বাংলাদেশ মেডিক্যাল সংলগ্ন গণউন্নয়ন লাইব্রেরীতে রয়েছে ছাত্রছাত্রীদের অবাধ বিচরণ। এখানে আগমন ঘটে অনেক জ্ঞানী ও গুণী লেখকের। নিরিবিলি পরিবেশে এখানে এসে যে কেউ তার শিক্ষাগত প্রয়োজনীয় চাহিদা মেটাতে পারে। পেতে পারে বহু বিরল গ্রন্থ, গুরুত্বপূর্ণ তথ্য। এখানে রয়েছে অসংখ্য একাডেমিক বই। রয়েছে উপন্যাস, আত্মজীবনী, ভ্রমণ কাহিনী। পুরনো দুর্লভ বই ছাড়াও এখানে রয়েছে বিভিন্ন ভাষার বিখ্যাত লেখকদের অণূদিত বই। সমাজকল্যাণ-কৃষিবিষয়ক, পেশাভিত্তিক বইগুলোও এখানে যথেষ্ট পরিমাণে পাওয়া যায়। পাওয়া যায় বিগত কয়েক বছরের পত্রিকা কাটিং। ১০/১২টি দৈনিক পত্রিকা পাঠকের চাহিদা মেটায় খুব ভালভাবেই। সাপ্তাহিক, পাক্ষিক বা মাসিক পত্রিকাগুলোও পাঠকদের প্রয়োজন মেটাতে সাহায্য করে।